## আকাশবাণীশিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**20 APRIL 2025** **7:45—7:55 PM**

---

(১) ২০১৮ সালে কার্বি-আংলংয়ে সংঘটিত অভি-নীল হত্যা মামলায় কুড়িজনকে দোষী সাব্যস্ত করে নগাঁও জেলা সেশন বিচারপতির আজ চূড়ান্ত রায়দান/ আগামী ২৪শে এপ্রিল শাস্তি ঘোষণা/

(২) আধুনিক চিকিৎসা পরিষেবা জেলা পর্যায়ে পৌঁছে দেবার লক্ষ্যে টাটা ট্রাস্টের সহযোগিতায়, আসাম ক্যান্সার কেয়ার ফাউন্ডেশন ( এ সি সি এফ) এর মাধ্যমে হাইলাকান্দির সন্তোষ কুমার রায় সিভিল হাসপাতালে আগামী শুক্রবার থেকে কেমোথেরাপি পরিষেবা আরম্ভ/

(৩) কাছাড় জেলার কচুদরম থানার অর্ন্তগত জুরখাল বনগ্রামে কাছাড় পুলিশ ও আসাম রাইফেল্‌স এর যৌথ অভিযানে বৃহৎ পরিমাণ নেশাজাত দ্রব্য, অস্ত্র-শস্ত্র সহ নগদ অর্থ বাজেয়াপ্ত/

এবং

(৪) রাজ্যে আগামী দু-তিন দিন প্রবল বৃষ্টিপাত হবে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাভাস/ শ্রীভূমি জেলার পাথারকান্দি এলাকায় আজ ভোরে প্রবল ঘূর্ণিঝড়ে জনজীবন ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত/

-----------------------------------------------------------------------------------

নগাঁও জেলা দায়রা জজের আদালত আজ অভি -নীল হত্যাকান্ডের চূড়ান্ত রায় দান করে ২০ জন অভিযুক্তকে দোষী সাব্যস্ত করেছে ।আগামী ২৪ শে এপ্রিল তাদের শাস্তি ঘোষণা করা হবে ।এদিকে এই রায়ে ২৫ জন অভিযুক্তকে দোষমুক্ত বলে ঘোষণা করা হয়েছে । উল্লেখ্য ২০১৮ সালের ৮ জুন কার্বিআংলং জেলার ডকমকায় শিশু অপহরণকারী সন্দেহে নীলোৎপল দাস ও অভিজিৎ নাথ নামের দুজন যুবককে নৃশংসভাবে হত্যা করার অভিযোগে তথা ভুক্তভোগী পিতা মাতার দাখিল করা দুটি এজাহারের ভিত্তিতে ডকমকা পুলিশ থানায় মামলা দায়ের করা হয়েছিল । ২০২৪ সালে

পুলিশ এই মামলার অভিযোগনামা দাখিল করেছিল ।প্রথম অবস্থায় ডিফুতে মামলার বিচার প্রক্রিয়া শুরু হয়েছিল তবে পরে গৌহাটী হাইকোর্টের নির্দেশ অনুযায়ি মামলাটি নগাঁও জেলা দায়রা জজের আদালতে স্থানান্তরিত করা হয় । সুদীর্ঘ আট বছর পর আজ এই মামলার চূড়ান্ত রায়দান করা হয় ।এই সম্পর্কে নগাঁও জেলা দায়রা জজের আদালতের একজন আইনজীবি বলেন ---

বাইট

---

জুবিন গর্গের রহস্যজনক মৃত্যুর মামলার অন্যতম অভিযুক্ত সিদ্ধার্থ শর্মা আজ আদালতে জামিনের আবেদন করেছেন । বিচারপতি শর্মিলা ভূইঞার ফাস্ট ট্র্যাক আদালতে অভিযুক্ত সিদ্ধার্থ শর্মার হয়ে তার আইনজীবি জামিনের আবেদন দাখিল করেছেন । এই আবেদনের প্রতিলিপি আসাম সরকারের সরকারী আইনজীবির দলকে ইতিমধ্যে প্রদান করা হয়েছে । জুবিন গর্গের রহস্যজনক মৃত্যুর মামলার মূল অভিযুক্তদের অন্যজন শ্যামকানু মোহন্ত ইতিমধ্যে আদালতে জামিনের আবেদন দাখিল করেছেন । তার এই আবেদন সম্পর্কে আগামী বুধবার আদালতে শুনানি গ্রহণ করা হবে । সেইদিনই জিয়াউর কামা'র নেতৃত্বাধীন সরকারী আইনজীবিদের দলটি অবিযুক্ত সিদ্ধার্থ শর্মার জামিনের আবেদনের বিরুদ্ধে আদালতে যুক্তি প্রদর্শন করবেন । অভিযুক্তদের বিরুদ্ধে মামলার ধারা আরোপের সপক্ষে আজ আসাম সরকারের হয়ে সরকারী আইনজীবি আদালতে যুক্তি তুলে ধরেছেন ।

---

আসাম পুলিশের অপরাধ শাখায় দায়ের হওয়া একটি মামলার ভিত্তিতে কংগ্রেস নেতা পবন খেরা গৌহাটি হাইকোর্টে আগাম জামিনের আবেদন দাখিল করেছেন । এই আবেদনের ভিত্তিতে আগামীকাল গৌহাটি হাইকোর্ট কংগ্রেসের এই প্রবীণ নেতার জামিন সম্পর্কে শুনানি গ্রহণ করবে । উল্লেখ্য- কংগ্রেস নেতা শ্রী খেরা এক সাংবাদিক সম্মেলনে আসামের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার স্ত্রীর তিনটি পাসপোর্ট থাকার পাশাপাশি তাঁর বিদেশে সম্পত্তি থাকার অভিযোগ উত্থাপন করেছিলেন । এই অভিযোগ নস্যাৎ করে দিয়ে মুখ্যমন্ত্রী ডঃ শর্মার স্ত্রী- রিনিকি ভূইঞা শর্মা পবন খেরার বিরুদ্ধে আসাম পুলিশের অপরাধ শাখায় একটি মামলা দায়ের করেন । উল্লেখ্য- কংগ্রেস নেতা পবন খেরার সন্ধানে আসাম পুলিশ দিল্লিতেও অভিযান চালিয়েছিল ।

---

ত্রিপুরার উপজাতি  এলাকা স্বশাসিত জেলা পরিষদ (টি টি এ এ ডি সি)'র ভোট গণনার পর রাজ্যটির কয়েকটি স্থানে বিক্ষিপ্ত হিংসাত্মক ঘটনা সংঘঠিত হয়েছিল ।

তবে বর্তমানে পরিস্থিতি সম্পূর্ণ নিয়ন্ত্রনাধীন বলে ত্রিপুরার পুলিশ সঞ্চালক প্রধান অনুরাগ ধনকর জানিয়েছেন । পশ্চিম আগরতলা থানা পরিদর্শন করে শ্রী ধনকর সাংবাদিকদের জানান যে পুলিশের দ্রুত এবং কার্যকরী পদক্ষেপ গ্রহণের ফলে অঞ্চলটিতে পুনরায় স্বাভাবিক অবস্থা ফিরে এসেছে ।তিনি বলেন যে আইন শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখার জন্য প্রশাসন কঠোর ব্যবস্থা গ্রহণ করেছে । রাজনৈতিক হিংসার সঙ্গে জড়িত থাকার অভিযোগে বেশ কয়েকজন লোককে গ্রেপ্তার করা হয়েছে বলেও শ্রী ধনকর জানান । বিশেষ করে শিলাছড়ি এবং মনুবনকুলের মতো স্পর্শকাতর অঞ্চলগুলোর পরিস্থিতি বর্তমানে সম্পূর্ণ শান্তিপূর্ণ রয়েছে বলে তিনি জানান। পুলিশ সঞ্চালক প্রধান শ্রী ধনকর কোন ধরণের গুজবে কান না দিতে এবং শান্তি সম্প্রীতি বজায় রাখতে জনসাধারণের প্রতি আহ্বান জানান ।

---------------------------------------------------------------------------------------

মহিলা আসন সংরক্ষণ বিলের বিরোধিতা করার ফল বিরোধী দলসমূহ ভোগ করবে বলে কেন্দ্রীয় সংসদীয় পরিক্রমা মন্ত্রী কিরেণ রিজিজু মন্তব্য করেছেন । সাংবাদিদের সঙ্গে কথাপ্রসঙ্গে শ্রী রিজিজু কংগ্রেস এবং এর মিত্র দলগুলিকে সংবিধানের ১৩১ নম্বর সংশোধনী বিল- ২০২৬ এর প্রতি সমর্থন না করার জন্যে তাদের তীর্যক ভাষায় সমালোচনা করেছেন । তিনি বলেছেন যে- এই বিষয়টি নিয়ে দেশের মহিলারা ক্রোধ ব্যক্ত করায় বিরোধী দলগুলি শংকার বশবর্তী হয়ে নিজেদের সমর্থনে বিভিন্ন যুক্তি দিতে আরম্ভ করেছে ।

---------------------------------------------------------------------------------------

বিধানসভা নির্বাচনের ভোট গণনার আর মাত্র কয়েকটি দিন বাকী থাকা অবস্থায় গতকাল গুয়াহাটীতে বিরোধী ঐক্যমঞ্চের একটি গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়েছে ।বৈঠকে আসাম প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতি গৌরব গগৈ , রাইজর দলের সভাপতি অখিল গগৈ , অসম জাতীয় পরিষদের সভাপতি লুরিণজ্যোতি গগৈ সহ বিরোধী ঐক্যমঞ্চের হয়ে নির্বাচনে প্রতিদ্বন্দিতা করা প্রার্থীরা অংশগ্রহণ করেন ।বৈঠকে ভোট গণনার পর বিরোধী মিত্রজোঁটের পরবর্তী রূপরেখা সহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয় ।প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতি গৌরব গগৈ বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে কথাবার্তায় তাঁদের নির্বাচনী প্রতিশ্রুতির বিষয়ে উল্লেখ করে বলেন যে এই প্রতিশ্রুতি কার্যকর করার জন্য তাঁরা কাজ করে যাবেন ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দির সন্তোষ কুমার রায় সিভিল হাসপাতালে আগামী শুক্রবার থেকে কেমোথেরাপি পরিষেবা আরম্ভ হচ্ছে । হাসপাতালটির সুপারিন্টেন্ডেন্ট ডাঃ দেবব্রত দত্ত

আজ আমাদের হাইলাকান্দি সংবাদদাতাকে একথা জানিয়ে বলেছেন যে- টাটা ট্রাস্টের সহযোগিতায় আসাম ক্যান্সার কেয়ার ফাউন্ডেশন ( এ সি সি এফ) এর মাধ্যমে আধুনিক চিকিৎসা পরিষেবা জেলা পর্যায়ে পৌঁছে দেবার লক্ষ্যে এই উদ্যোগ নেওয়া হয়েছে । এই পরিষেবা চালু হলে হাইলাকান্দি জেলার ক্যান্সার আক্রান্ত রোগীদের অনেক সুবিধা হবে বলে উল্লেখ করে ডাঃ দত্ত আরো বলেন যে- রোগীদের চিকিৎসার জন্য দূরবর্তী স্থানে যাওয়ার প্রয়োজন অনেকটা কমে যাবে ।

------------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশ ও  আসাম রাইফেলসের ৩৮ নম্বর ব্যাটেলিয়ন গতকাল রাতে কচুদরম থানার অর্ন্তগত মণিপুর ও মিজোরাম সীমান্তের জুরখাল গ্রামে যৌথ অভিযান চালিয়ে দুটো সাবানোর বাক্স থেকে  ১০ হাজার ইয়াবা ট্যাবলেট , ২৩ গ্রাম হেরোইন , একটি পয়েন্ট ৩২ পিস্তল , নগদ ১৪ লক্ষ ৯০ হাজার টাকা সহ একটি মোবাইল ফোন বাজেয়াপ্ত করেছে এবং ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে পুলিশ একজন মহিলাকে আটক করেছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে জুরখাল গ্রামের বাসিন্দা এই মহিলা মাদক দ্রব্য সরবরাহের সঙ্গে যুক্ত বলে সন্দেহ করা হচ্ছে । তদন্তের স্বার্থে পুলিশ মহিলার পরিচয় প্রকাশ করে নি  । পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে ।

------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার পাথারকান্দি রাজস্ব চক্র এলাকায় আজ ভোরের কাল বৈশাখী ঝড়ে জনজীবন ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে । ঝড়ের তান্ডবে বহু বাড়িঘর আংশিক বা সম্পূর্ণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে । বিভিন্ন স্থানে গাছ  ও বিদ্যুতের খুঁটি উপড়ে পড়ায় একাধিক গ্রামে বিদ্যুৎ পরিষেবা বিঘ্নিত হয়েছে । আমাদের শ্রীভূমির সংবাদদাতা জানিয়েছেন যে ঝড়ের ফলে পাথারকান্দি শহর , মুন্ডমালা ওএন জি সি এলাকা , কলকলিঘাট , পাথারিঘাট সহ একাধিক এলাকার প্রায় দুশো পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে । প্রশাসনের পক্ষ থেকে ক্ষয়ক্ষতির প্রাথমিক সমীক্ষা শুরু করা হয়েছে ।

এদিকে রাজ্যের আবহাওয়া বিজ্ঞান বিভাগ আগামী ২/৩ দিন রাজ্যের বিভিন্ন প্রান্তে বৃষ্টিপাত অব্যাহত থাকবে বলে জানিয়েছে ।

------------------------------------------------------------------------------------

রাজ্যে আগামী চৌঠা মে বিধানসভা নির্বাচনের ভোট গনণার জন্য জেলা প্রশাসনগুলির পক্ষ থেকে প্রস্তুতি শুরু হয়েছে । নির্বাচন কমিশন ইতিমধ্যে চৌঠা মে সমগ্র রাজ্যে ড্রাই ডে ঘোষনা করেছে । এই সময়কালে মদের বিক্রী , মজুতকরন এবং সরবরাহ নিষিদ্ধ ঘোষনা করা হয়েছে ।

শ্রীভূমির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জেলার চারটি বিধানসভা আসনের ভোট গননা আগামী চৌঠা মে শ্রীভূমি শহরের করিমগঞ্জ কলেজে অনুষ্ঠিত হবে । ভোট গননা প্রক্রিয়া সুষ্ঠভাবে সম্পন্ন করতে গননার কাজের জন্য মাইক্রো অবজারভার, কাউন্টিং সুপার ভাইজার এবং কাউন্টিং অ্যাসিস্ট্যান্টদের প্রশিক্ষনের ব্যবস্থা করা হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে আগামী ২৪শে এপ্রিল এবং ২৭শে এপ্রিল ,প্রতিদিন সকাল ১১টা থেকে জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে মাইক্রো অবজারভার এবং রবীন্দ্র সদন গালর্স কলেজে কাউন্টিং সুপারভাইজার ও কাউন্টিং অ্যাসিস্ট্যান্টদের দু দিনের প্রশিক্ষন অনুষ্ঠিত হবে । প্রশিক্ষনে সংশ্লিষ্ট সব মাইক্রো অবজার , কাউন্টিং সুপারভাইজার ও কাউন্টিং অ্যাসিস্ট্যান্টদের উপস্থিত থেকে প্রশক্ষিন গ্রহন করার নির্দেশ দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

এবছরের নুরুদ্দিন আহমেদ সিনিয়র আন্তঃজেলা ক্রিকেট টুর্নামেন্টের হাইলাকান্দির নেতাজি সুভাষচন্দ্র বসু স্টেডিয়ামে আয়োজিত আজকের ম্যাচ ভেজা আউটফিল্ডের জন্যে পরিত্যক্ত ঘোষণা করা হয়েছে । লক্ষ্মীপুর ও কার্বি-আংলংয়ের মধ্যে আয়োজিত খেলাটি পরিত্যক্ত ঘোষণা হওয়ায় উভয় দল একটি করে পয়েন্ট লাভ করেছে । আগামী বুধবার একই স্টেডিয়ামে আয়োজক দল হাইলাকান্দি ও লক্ষ্মীপুর দল পরস্পরের মুখোমুখি হবে ।

---------------------------------------------------------------------------------------